=০২=

ঢাকা ওয়াসা

০১। ২০২৬-২০২৭ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট এর কপি।
০২। পূর্বানুমোদিত দরের কপি।
০৩। সাইটের কাজের ছবি।
০৪। প্রস্তুতকৃত প্রাক্কলন।
০৫। প্রতিবেদন।

বিষয়: Repairing of HDPE Water Line Leakage & Removal dirty Water In Front of Dag no- 18, Mondir Road, Syednagar, Vatara (DMA-803) under MODS Zone-8, Dhaka WASA.

০১। উপর্যুক্ত সংযুক্তি গুলো অনুগ্রহ করে দেখা যেতে পারে ও উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জোন-৮ এর ডিএমএ-৮০৩ এর আওতাধীন সাঈদনগর ভাটারা, মন্দির রোড, প্লট নং ১৮ এর সামনে পানির লাইন লিকেজের একটি অভিযোগ এলাকাবাসী থেকে পাওয়া যায়। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় যে, পানির লাইনে লিকেজ হয়ে প্রচুর পানি অপচয় হচ্ছে এবং পানির লাইনে যখন পানির প্রেসার কম থাকে তখন ড্রেনের ময়লা পানি লাইনে প্রবেশ করে। ফলে বর্ণিত এলাকা থেকে ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি পাওয়ার একাধিক অভিযোগ আসতেছে। উল্লেখ্য যে, উক্ত পানির লাইনের মাধ্যমে সাঈদনগর, নূরেরচালা, পূরবী ও সুজনটেক এলাকায় পানি সরবরাহ করা হয় বিধায় জরুরি ভিত্তিতে পানির লাইনের লিকেজ মেরামত করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে কাজটি সম্পাদনের জন্য জরুরি ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হলো। যার প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোট ৳ ৪৯,৭০১.১৬৭/-(উনপঞ্চাশ হাজার সাতশত এক দশমিক এক ছয় সাত) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৬-২০২৭ খ্রি. অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট এর "পানির লাইন রক্ষণাবেক্ষণ খাতের কোড নং (০১-০৪-০০১) হতে ব্যয় নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, মড্স জোন-৮ এর ডিএমএ-৮০৩ এর আওতাধীন সাঈদনগর ভাটারা, মন্দির রোড, প্লট নং ১৮ এর সামনে পানির লাইন লিকেজ মেরামত ও ময়লা পানি নিরসণ করন কাজের জন্য সর্বমোট ৳-৪৯,৭০১.১৬৭/-(উনপঞ্চাশ হাজার সাতশত এক দশমিক এক ছয় সাত) টাকা মাত্র এর প্রাক্কলনটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)ড বিধি অনুযায়ী আয়াত এন্টারপ্রাইজ এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে সম্পন্ন করার লক্ষ্যে নথিখানা অনুমোদনের জন্য প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর প্রেরণ করা যেতে পারে।

০২/জোন-৮
২২/০৯/২৬

22/09/26
আব্দুল হালিম
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৮
ঢাকা ওয়াসা।

AE
22/09/26
তুষার চন্দ্র বর্মন
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৮
ঢাকা ওয়াসা

EE
23/9/2026
অনুপম কুমার মণ্ডল
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-2
23/09/26
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SE MODS-2

০৩।
CE
21.09.26
আলমগীর হাছান আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।